



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং : মাধ্যমিক/পনি/৬৩/বিজ্ঞপ্তি নথি/৪৫

তারিখ : ১০-০৬-২০২১ খ্রি.

২০২০ সালের অষ্টম শ্রেণি হতে নবম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের “উত্তীর্ণ সনদ” প্রদানের লক্ষ্যে সম্ভাব্য তালিকা (Probable List) হতে সিলেকশন (Selection) দেওয়ার ক্ষেত্রে যে সব শিক্ষার্থী বাদ পড়েছে তাদের সিলেকশন দেওয়ার সময় পুনঃবৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতায় সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জেএসসি পরীক্ষা-২০২০ এর উত্তীর্ণ সনদ প্রদানের জন্য অনলাইন এর সম্ভাব্য তালিকা (Probable list) থেকে সিলেকশন দেওয়ার সময়সীমা গত ১৫-০২-২০২১ খ্রি. তারিখ শেষ হওয়ার পরও কিছু শিক্ষার্থী বিভিন্ন কারণবশতঃ সিলেকশন দিতে বাকি আছে মর্মে প্রতিষ্ঠান প্রধানগণের নিকট থেকে আবেদন পাওয়া গেছে। এ পরিপ্রেক্ষিতে বাদ পড়া শিক্ষার্থীদের সিলেকশন দেওয়ার সময়সীমা আগামী ১৩-০৬-২০২১ খ্রি. তারিখ হতে ১৭-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃবৃদ্ধি করা হলো। এ সময়ের পরে ২০২০ সালের জেএসসি পরীক্ষার্থীদের ৯ম শ্রেণিতে উত্তীর্ণ বা সিলেকশন সংক্রান্ত আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

সিলেকশন দেওয়ার নিয়মাবলি পুনঃ উল্লেখ করা হলো।

১। Probable (JSC-2020) তালিকা হতে ছাত্র-ছাত্রী নির্বাচনের নিয়মাবলি :-

1. Visit www.jessoreboard.gov.bd
2. Click Institute Panel from Our Services
3. Login with EIIN and Password
4. Click Probable List (JSC-2020) from Left Side Menu
5. Complete Student from Right Side of the list.
6. Click Final Submit button after Selection.

২। সিলেকশন প্রক্রিয়া আগামী ১৭/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃবৃদ্ধি করা হলো।

৩। ফাইনাল সাবমিট দেওয়ার পর Final Submitted তালিকাটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৪। সিলেকশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য কোনো ‘ফি’ প্রদান করতে হবে না এবং সেজন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে কোনো অর্থ গ্রহণ করা যাবে না।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের অধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

সদয় জ্ঞাপনার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। উপ-পরিচালক (হি ও নি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার জন্য)
- ৬। সংরক্ষণ নথি।